

**বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)'র সভার কার্যবিবরণী**

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) খসড়া প্রতিবেদন অনুমোদনের লক্ষ্যে এ বিভাগের সচিব এবং বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভাপতি জনাব নাজিমউদ্দিন চৌধুরী ঐর সভাপতিত্বে ০৭-০৫-২০১৮ তারিখে পর্যালোচনা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' হিসেবে সংযুক্ত করা হল।

০.২. সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন)'কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, এ বিভাগের ২০১৮-২০১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের খসড়া প্রতিবেদন অনুমোদনের লক্ষ্যে চুক্তিপত্রের কৌশলগত উদ্দেশ্যের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে গ্যাস কূপ খনন, অনুসন্ধানকৃত জ্বালানির উৎস, ২-ডি সাইসমিক জরিপ, ৩-ডি সাইসমিক জরিপ, আমদানিকৃত পরিশোধিত তেল, তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ, প্রি-পেইড/ইভিসিযুক্ত মিটার স্থাপন, ভূতাত্ত্বিক এবং ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, প্রশিক্ষণ আয়োজন, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন ইত্যাদি বিষয়ের উপর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিবেদন প্রণয়ন করা হয়। প্রস্তুতকৃত খসড়া প্রতিবেদন অনুমোদনের জন্য এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনের বিভিন্ন সংস্থা প্রধানগণ স্ব স্ব মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থাপিত এ বিভাগের ২০১৮-২০১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

০.৩. সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

৩.১. (ক) এ বিভাগের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) খসড়া প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

০.৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

০৯/০৫/২০১৮

(জনাব নাজিমউদ্দিন চৌধুরী)

সচিব

ও

সভাপতি

বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক ২৮.০০.০০০০.০৪০.০২.০০২.১৭- ২৫২


তারিখ: ২২ বৈশাখ ১৪২৫  
১০ মে ২০১৮ খ্রীঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, ঢাকা {(দৃঃ আঃ অতিরিক্ত-সচিব (বাজেট-০৫))}।
২. চেয়ারম্যান, বিপিসি, চট্টগ্রাম {(দৃঃ আঃ পরিচালক (অপাঃ ও পরিঃ))}।
৩. চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা {(দৃঃ আঃ পরিচালক (অর্থ))}।

পরের পৃষ্ঠায়:

৪. বিভাগ প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. মহাপরিচালক, বিপিআই, উত্তরা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (প্রশাঃ/অপাঃ), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮. সচিব, বিইআরসি, কাওরান বাজার, ঢাকা।
৯. মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, কাওরান বাজার, ঢাকা।
১০. উপ-সচিব (বাজেট শাখা-১৫) অর্থ বিভাগ, ঢাকা।
১১. পরিচালক, শিল্প ও শক্তি সেক্টর, আইএমইডি, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১২. উপ-প্রধান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৪. পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
১৮. আই সি টি কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৯. অফিস কপি।

  
১০.৫.১৮  
(মোছা: হুমায়রা বেগম)  
হিসাবরক্ষণ কর্মকর্তা  
ফোন ৯৫৭০৪৮০